গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

নং: ৩৭.০৪.০০০০.৪০১.২৫.০০২.১৮- ১১০৭

তারিখ: ২১/৭/১৪২৯ বঃ
০৫/১১/২০২২ খ্রিঃ

**বিষয়: 'ট্রেনিং অন আইসিটি' শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য কলেজ পর্যায়ের আইসিটি বিষয় সংশ্লিষ্ট শিক্ষক (প্রভাষক) মনোনয়ন।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৭ - ২৭ অগ্রহায়ণ ১৪২৯ বঃ/ ২২ নভেম্বর - ১২ ডিসেম্বর ২০২২ খ্রিঃ পর্যন্ত কলেজ পর্যায়ের শিক্ষকগণের (প্রভাষক) জন্য আয়োজিত ৩৮তম 'ট্রেনিং অন আইসিটি' শীর্ষক প্রশিক্ষণ কোর্স **স্বাস্থ্যবিধি মেনে** নায়েম-এ অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর আওতাধীন ৪(চার)জেলার ৪(চার)টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে মোট ৪(চার)জন **প্রভাষক পদ মর্যাদার আইসিটি বিষয়ের সংশ্লিষ্ট শিক্ষক** -কে মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে। মনোনীত প্রশিক্ষণার্থীর নাম, পদবি, ইনডেক্স নম্বর, ই-মেইল, প্রতিষ্ঠানের নাম এবং তাঁদের মোবাইল নম্বরসহ তালিকা আগামী ১৪/১১/০২২ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এবং ই-মেইলে programmer@naem.gov.bd-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। **উল্লেখ্য, পূর্বে মনোনয়ন দেয়া হয়েছে এমন কলেজ থেকে শিক্ষক মনোনয়ন দেয়া যাবে না** এবং মনোনয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরিত পত্রে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই উল্লেখ করতে হবে:

১. মনোনীত প্রশিক্ষণার্থীগণকে আগামী ২২/১১/২০২২ খ্রি. তারিখ সকাল ৯.০০টায় নায়েমে তাঁর উপস্থিতি নিশ্চিত করতে হবে (প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ানস্টপ সার্ভিস পয়েন্টে)। নির্ধারিত হোস্টেল চার্জ পরিশোধ করে এবং আসন শূন্য থাকা সাপেক্ষে নায়েম হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে।
২. বেসরকারি কলেজ শিক্ষকের ক্ষেত্রে চাকরিকাল ন্যূনতম ০২(দুই) বছর ও ইনডেক্সধারী (MPO) এবং সরকারি কলেজ শিক্ষকগণকে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সমাপ্তকারী (চাকরি স্থায়ীকরনকৃত) হতে হবে।
৩. যিনি বিগত ০১(এক) বছর সময়কালের মধ্যে নায়েম পরিচালিত যে কোন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করছেন, তিনি কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না এবং ইতঃপূর্বে নায়েম-এ আইসিটি/ডিজিটাল কনটেন্ট কোর্স সম্পন্ন করেছেন, তিনিও উক্ত কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না।
৪. মনোনীত শিক্ষক কোর্স শুরুর অন্তত: ০৫(পাঁচ) দিন পূর্বে নায়েম ওয়েব সাইট www.naem.gov.bd-এর প্রশিক্ষণ সংক্রান্ত মেন্যুর>অন-লাইন রেজিস্ট্রেশন ফর্ম পূরনপূর্বক কোর্সে যোগদান করবেন এবং রেজিস্ট্রেশনকৃত ফর্মের প্রিন্ট কপি সংগে নিয়ে আসবেন।
৫. প্রশিক্ষণ সম্পর্কিত কোন তথ্য জানতে চাইলে এ কে এম শাহ্ আলম, কোর্স সমন্বয়ক মোবাইল- ০১৮১৬৬০৬৩৪৩/০১৫৫২৩২৪৩৭৯-এর সংগে যোগাযোগ করা যেতে পারে।
৬. প্রতিষ্ঠানের শ্রেণি অধিবেশন পরিচালনায় বিভিন্ন কনটেন্ট, তথ্য ও ভিডিও সংরক্ষণের লক্ষ্যে প্রতিষ্ঠানের অথবা ব্যক্তিগত ল্যাপটপ সংগে আনার জন্য (যদি থাকে) অনুরোধ করা হলো।
৭. সরকারি বিধি মোতাবেক অংশগ্রহণকারীকে ভ্রমণ, দৈনিক ও শিক্ষা সফর ভাতা নায়েম থেকে প্রদান করা হবে। তবে, প্রাথমিক ব্যয় (থাকা, খাওয়া ও শিক্ষা সফর খরচ) সংকুলানের জন্য জনপ্রতি আনুমানিক ১৫,০০০/-(পনের হাজার) টাকাসহ নিজ প্রয়োজনমত অন্যান্য আনুষঙ্গিক হাতখরচ সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে ভ্রমণ, দৈনিক ও শিক্ষা সফর ভাতার বিল এ অফিসে পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন-লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, হিসাব সংক্রান্ত সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।
৮. মনোনীত শিক্ষকগণকে পাসপোর্ট সাইজের এক কপি ছবি, অন-লাইনে সম্পাদিত রেজিস্ট্রেশন ফর্ম, কোর্সে অংশগ্রহনের সম্মতিপত্র, এমপিও শীট, মাস্ক, ব্যাংক একাউন্ট ফর্ম এবং ১০ টাকা মূল্যমানের ০১টি রেভিনিউ স্ট্যাম্প সঙ্গে আনতে হবে।
৯. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নং মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তাং ১০-০১-৯৯ ও স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬.২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রিঃ অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১.১১.22

**(প্রফেসর ড. তাহসিনা আক্তার)**
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)
ফোন: ০২-৫৫১৬৭৫৩০

**প্রাপক:**

উপ-পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা অঞ্চল।

নম্বর: ৩৭.০৪.০০০০.৪০১.২৫.০০২.১৮- ১১০৭ (৮)

তারিখ: ২১/০৭/১৪২৯ বঃ
০৫/১১/২০২২ খ্রিঃ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
৩. পরিচালক, প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/পরিকল্পনা ও উন্নয়ন/গবেষণা ও তথ্যায়ন, নায়েম, ঢাকা;
৪. পরিচালক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/খুলনা/কুমিল্লা/সিলেট/রংপুর/ময়মনসিংহ অঞ্চল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা;
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
৬. হোস্টেল সুপারিনটেনডেন্ট, মুক্তিযোদ্ধা/সোনার বাংলা/শহীদ জননী, নায়েম, ঢাকা;
৭. তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা।

2/11/22

**(এ কে এম শাহ্ আলম)**
প্রোগ্রামার, আইসিটি সেল ও
কোর্স সমন্বয়ক
ফোন: ০২-৫৫১৬৭৫৪০ (অফিস)